

উপজেলা মস্যা ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোছাঃ সালামা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া

স্থান: প্রশিক্ষণ কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটেরিনারি হাসপাতাল, আদমদীঘি, বগুড়া।

তারিখ: ২২/০২/২২

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

ক্রম	সদস্যগণের নাম	কমিটিতে পদবি	স্বাক্ষর
১	চেয়ারম্যান, আদমদীঘি ইউনিয়ান পরিষদ, আদমদীঘি, বগুড়া	সদস্য	স্বাক্ষরিত
২	সিনিয়র উপজেলা মস্যা কর্মকর্তা, আদমদীঘি, বগুড়া	সদস্য	স্বাক্ষরিত
৩	মামবুবা জামান রত্না, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া	সদস্য	স্বাক্ষরিত
৪	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আদমদীঘি, বগুড়া	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়সমূহ:

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।

২। মস্যা ও প্রাণিসম্পদ বিষয়ক আলোচনা।

৩। বিবিধ।

অধ্যকার সভা মোছাঃ সালামা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সভাপতিত্বে শুরু হয়। শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে উপজেলা প্রাণি সম্পদ অফিসার আদমদীঘি, বগুড়াতে সভা শুরু করার আহ্বান জানান।

আলোচ্য বিষয় ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার মহোদয় পূর্ববর্তী সভার কার্যবিবরণী সবাইকে পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়।

আলোচ্য বিষয় ২: মস্যা বিষয়ক আলোচনা: সিনিয়র উপজেলা মস্যা কর্মকর্তা মহোদয় জানান যে, (ক) সিনিয়র উপজেলা মস্যা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রমের জন্য মস্যা খাদ্য উৎপাদন ও বিক্রেতাদেরকে প্রশিক্ষণ প্রদান প্রয়োজন রয়েছে যা বাস্তবায়ন করতে প্রয়োজনীয় অর্থের সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। (খ) সিনিয়র উপজেলা মস্যা কর্মকর্তার কার্যালয়ের বাথরুমটির পানির লাইন মেরামতসহ ভবনের ছাদের অংশ ভেঙে পরছে যা মেরামত করা আশু প্রয়োজন।

আলোচ্য বিষয় ৩: প্রাণিসম্পদ বিষয়ক আলোচনা: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আদমদীঘি, বগুড়া মহোদয় জানান যে, টিকা প্রদান, চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন, ট্রি ডেটেরিনারি মেডিক্যাল ক্যাম্পসহ অন্যান্য প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। তিনি আরও জানান যে, আদমদীঘি উপজেলার দুধ খামারীদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা গেলে খামারিরা বিশেষভাবে উপকৃত হবে।

সিদ্ধান্ত ১: মাঠের কার্যক্রম বেগবান করতে মনিটরিং জোড়ার করার কথা বলেছেন। উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ২: সিনিয়র উপজেলা মস্যা কর্মকর্তা মহোদয়ের মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রাপক

জানাব.....



(মোছাঃ সালামা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মস্যা ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
আদমদীঘি, বগুড়া।